

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৫.১৮. ৪৭০

তারিখঃ ২০ কার্তিক ১৪২৫  
১৫ অক্টোবর ২০১৮

অভিযোগনামা

যেহেতু, জনাব মোঃ রওশন আলম, সহকারি অধ্যাপক (রসায়ন), মুমিনুন্নেছা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ গত ০২.০৩.২০১৮ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব ২৪.১০.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোঃ রওশন আলম

সহকারি অধ্যাপক (রসায়ন), মুমিনুন্নেছা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ।

স্থায়ী ঠিকানা:

জনাব মোঃ রওশন আলম

৯৩৮ চর শোলাকিয়া, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোঃ রওশন আলম, সহকারি অধ্যাপক (রসায়ন), মুমিনুল্লাহ সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ গত ০২.০৩.২০১৮ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ রওশন আলম, সহকারি অধ্যাপক (রসায়ন), মুমিনুল্লাহ সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন  
২৪.০৩.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব